



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ১৬ মে ২০২২
০২ জ্যৈষ্ঠ ১৪২৯

প্রেস রিলিজ

আজ ১৬ মে ২০২২ খ্রিঃ রোজ সোমবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “ব্যবসা- বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে ব্যবসায়ী সংগঠন সমূহের ভূমিকা” শীর্ষক সেমিনার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন, এবং বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির সভাপতি ও মাননীয় সংসদ সদস্য জনাব নাজমুল হাসান, এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম সালেহ উদ্দিন, ড.এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, জনাব এ. এইচ. এম. সফিকুজ্জামান, মহাপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, যুগ্ম সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, জনাব এস এম আওলাদ হোসেন, ড্রেজারার, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, জনাব নাজমা বেগম, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়, জনাব আব্দুল লতিফ বকসী, সিনিয়র তথ্য কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, জনাব নাছিমা খানম, উপসচিব, কৃষি মন্ত্রণালয়, মোঃ মামুন-অর-রশিদ, ব্যবস্থাপক, এলএফএমইএবি, জনাব মোঃ মোশাররফ হোসেন, সভাপতি বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন, জনাব মোঃ মোজাম্মেল হক, সাধারণ সম্পাদক, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন, জনাব প্রীতি চক্রবর্তী, পরিচালক, উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, জনাব মুহাম্মদ মুনির-উজ-জামান, সহ-সভাপতি, নাসিব, জনাব হাবিবুল্লাহ এন করিম, ভাইস প্রেসিডেন্ট, এমসিসিআই, জনাব মোঃ ওয়াসফি তামিম, সিইও, বাংলাদেশ সেন্টার অব এক্সিলেন্স, জনাব মোঃ শহিদুল্লাহ, সহ- সভাপতি, বিসিএমএ, জনাব এস সোহরাব হোসেন, প্রচার- প্রকাশনা পরিচালক, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন, ইঞ্জিনিয়ার সোহেল রানা, সহ- সভাপতি, রিহাব, জনাব আজমল হোসেন, সিনিয়র জেনারেল ম্যানেজার, রিহাব, জনাব মোঃ শামসুল আলম খান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারস এসোসিয়েশন, জনাব জাহাঙ্গীর আলম শোভন, নির্বাহী পরিচালক, ই-ক্যাভ, জনাব মোহাম্মদ মনসুর জে.সেক্রেটারী, বিএফডিএপিইএ, জনাব মোঃ মমিনুল ইসলাম, অফিস সেক্রেটারী, বিএসএম ওনার্স এসোসিয়েশন, জনাব মোঃ খালেদ আবু নাছের, উপদেষ্টা, বিসিসি, জনাব এম. এস সিদ্দিক, উপদেষ্টা, বিসিসি, জনাব আজহার উদ্দিন ভূঁইয়া, উপদেষ্টা, বিসিসি, জনাব ইফফাত আরা বেগম, যুগ্মসচিব, এফবিসিসিআই, জনাব মোঃ মনির হোসেন শেখ, প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ সুগার রিফাইনার্স এসোসিয়েশন, গণমাধ্যমের প্রতিনিধিগণ ও কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের বিজ্ঞ সদস্য ড. এ এফ এম মনজুর কাদির। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন গঠন, অর্থনৈতিক টেকসই উন্নয়ন বাস্তবায়ন নিশ্চিত করণে কমিশনের ভূমিকা, প্রতিযোগিতা আইন, ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা নিশ্চিতকরণে ব্যবসায়ী সংগঠন সমূহের ভূমিকাসহ বিভিন্ন দিক সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম সালেহ উদ্দিন। এ সময় উপস্থিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির সভাপতি জনাব নাজমুল হাসান,

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব এ. এইচ. এম. সফিকুজ্জামান, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সভাপতি জনাব মাহবুবুল আলম, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এর সহ-সভাপতি জনাব হাবিবুল্লাহ এন করিম, উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পরিচালক জনাব প্রীতি চক্রবর্তী, নাসিব এর সহ- সভাপতি জনাব জনাব মুহাম্মদ মুনির-উজ জামান।

সেমিনারে বিশেষ অতিথি এফবিসিসিআই এর সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন বাজারে সুস্থ প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং অন্যান্য দপ্তর সংস্থাকে আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি বলেন- দেশের ব্যবসা বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ব্যবসায়ী থেকে ভোক্তা পর্যন্ত সকল স্তরের জনগণকে প্রতিযোগিতা আইন, ২০১২ সম্পর্কে অবগত করা অতিব জরুরী। এছাড়াও তিনি সেমিনারে উপস্থিত সকলকে দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার নিমিত্তে প্রতিযোগিতা কমিশনকে সর্বাত্মক সহায়তা করার আহ্বান জানান।

সেমিনারে উপস্থিত সকলেই দেশের ব্যবসা বাণিজ্যে প্রতিযোগিতামূলক সংস্কৃতি গড়ে তোলার বিষয়ে গুরুত্বারোপ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম কমিশনের কার্যক্রমের অগ্রগতি তুলে ধরে বলেন- বাজারে প্রতিযোগিতা পরিপন্থী কোন অনুশীলন বা কর্মকান্ড, কারসাজি বিদ্যমান থাকলে সে বিষয়ে কমিশনকে অবগত করতে সকলকে আহ্বান জানান। বাজারে সুস্থ প্রতিযোগিতা বিদ্যমান থাকলে পণ্য ও সেবার সাপ্লাইচেইনের উৎপাদনকারী, সরবরাহকারী, বিক্রেতা বা ব্যবসায়ীসহ ভোক্তা পর্যন্ত সকলেই ন্যায্যমূল্যে উৎকৃষ্ট মানের পণ্য বা সেবা পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(শেখ নুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২